



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করণ
ফোনঃ ৯৫১৪৯১২
ফ্যাক্সঃ ৯৫৫০৫০৫ (অনুঃ)
E-mail: dgmlcd@krishibank.org.bd
dgmlcd@krishibank.net

নং প্রকা/সিএল-৩/২০১৭-২০১৮/৫০৮

তারিখঃ ২০-১২-২০১৭ খ্রিঃ

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, প্রধান কার্যালয়/
সকল কর্পোরেট শাখা,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক ৪৪তম ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী প্রস্তুতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীবিন্যাস ও প্রতিশনিং এর সংশোধিত নীতিমালা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ২৩-০৯-২০১২, ২৭-১২-২০১২, ২৯-০৫-২০১৩, ১৮-১১-২০১৪, ০২-০৮-২০১৫ এবং ২৭-০৯-২০১৭ তারিখের বিআরপিডি সার্কুলার নং যথাক্রমে ১৪, ১৯, ০৫, ১৬, ০৮ ও ১৫ এর নির্দেশনার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে জারীকৃত ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ০২-১২-২০১২, ৩১-১২-২০১২, ০২-০৬-২০১৩, ২৩-১১-২০১৪, ২৩-০২-২০১৬, ০৩-০৪-২০১৬ ও ০৯-১০-২০১৭ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/২৩৫, ২৬৬, ৪২০, ২১২, ৫৩৬, ৫৯৮ ও ৪০০, ১৮-১২-২০১৭ তারিখের পত্র নং প্রকা/সিএল-৩ (অংশ-১)/২০১৭-১৮/৫০৭ এবং এ সংক্রান্ত অন্যান্য নীতিমালা ও নির্দেশনা অনুসরণপূর্বক আসন্ন ৩১ ডিসেম্বর, ২০১৭ সূত্র তারিখ ভিত্তিক ব্যাংকের সকল শাখায়/কার্যালয়ে বিদ্যমান ঋণ স্থিতির সিএল বিবরণী প্রস্তুত করে ঋণের সঠিক ষ্ট্যাটাস ও প্রতিশনি নির্ণয় করতে হবে। শাখা হতে প্রাপ্ত সিএল-১ বিবরণী সংকলন করে ২৫-০১-২০১৮ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য ৪৪তম ঋণ শ্রেণীবিন্যাস কার্যক্রম যথাসময়ে আরম্ভ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০২। ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সকল শাখার সম্পূর্ণ সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে প্রেরণ করতে হবে। ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক শাখার সকল অনাদায়ী ঋণের শ্রেণীবিন্যাস সিএল-২, ৩, ৪ ও ৫ ছকে সঠিক ও নির্ভুলভাবে প্রকৃত টাকার অংকে প্রস্তুত করতে হবে। বাংলাদেশ ব্যাংক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী তথ্য উপস্থাপনের জন্য এতদসাথে সংযুক্ত-annexure নামক এক্সেল ফাইলে ক ও ঘ ছকে টাকার অংকে (পয়সা বাদে) এবং খ ও গ ছকে লক্ষ টাকার অংকে বিবরণী প্রস্তুত করতে হবে। উল্লেখ্য annexure নামক এক্সেল ফাইলে KA, KHA, GA এবং GHA নামক চারটি শীট আছে, এই শীটসমূহে যথাক্রমে ছক "ক", "খ", "গ" ও "ঘ" এর তথ্য এন্ট্রি দিতে হবে। শাখা উক্ত ছকসমূহ পূরণপূর্বক সফট কপি ও হার্ড কপি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। অঞ্চলসমূহ তাদের সংকলিত ছকের সফট কপি ও হার্ড কপি প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করবে। এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত সকল শাখার সিএল বিবরণীর সফট কপি ই-মেইলযোগে অবশ্যই ০৭-০১-২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সকল শাখার "ক", "খ", "গ" ও "ঘ" ছকে প্রস্তুতকৃত বিবরণীসহ সিএল বিবরণীর হার্ড কপি অবশ্যই ০৯-০১-২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন সকল শাখার প্রস্তুতকৃত সিএল-১, ২, ৩, ৪, ৫ এবং "ক", "খ", "গ" ও "ঘ" ছকে প্রস্তুতকৃত বিবরণী পরীক্ষা করে সঠিকতা নিশ্চিত করবেন। শাখার কোড নম্বরের ক্রমানুসারে অঞ্চলের সকল শাখার নাম লিখে "ক" ছকে বিবরণী প্রস্তুত করতে হবে। সকল শাখার সিএল-১ বিবরণী, সংকলিত "ক", "খ", "গ" ও "ঘ" ছকে প্রস্তুতকৃত বিবরণী একত্রে একটি বাউন্ডিল করতে হবে। উল্লেখ্য, এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত সিএল-২, ৩, ৪ ও ৫ খাতের ঋণের বিবরণীর হার্ড কপি প্রধান কার্যালয়ে প্রেরণ না করে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। তবে শাখাসমূহের স্বাক্ষরিত সিএল-১ বিবরণী, অঞ্চলের সংকলিত "ক", "খ", "গ" ও "ঘ" ছকে প্রস্তুতকৃত বিবরণী ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখিত সকল বিবরণীসমূহ অঞ্চল হতে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে অবশ্যই ১১-০১-২০১৮ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করতে হবে। আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, প্রকা এবং স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা ০৯-০১-২০১৮ তারিখের মধ্যে "ক", "খ", "গ" ও "ঘ" ছকে প্রস্তুতকৃত বিবরণীসহ স্ব-স্ব সিএল বিবরণীর সঠিকতা নিশ্চিত হয়ে সরাসরি ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে পৌঁছানো নিশ্চিত করবেন।

চলমান পাতা/০২

০৩। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং ১৪ এর ০৬ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী নিম্নে বর্ণিত যোগ্য জামানতের বিপরীতে প্রদত্ত অনাদায়ী শ্রেণীকৃত ঋণের স্থিতি থেকে স্থগিত সুদ ও যোগ্য জামানতের মূল্য বাদ দিয়ে স্ট্যাটাস অনুযায়ী Base for Provision নির্ণয় করা হয় :

- ক) ঋণের বিপরীতে একই ব্যাংকে লিয়েনকৃত আমানত ;
- খ) লিয়েনকৃত সরকারী বন্ড/সেভিংস সার্টিফিকেট ;
- গ) সরকার বা বাংলাদেশ ব্যাংক প্রদত্ত গ্যারান্টি ।

এছাড়া অন্যান্য যোগ্য জামানতের বিপরীতে প্রদত্ত শ্রেণীকৃত ঋণের (SS,DF & B/L) অনাদায়ী স্থিতি হতে স্থগিত সুদ ও যোগ্য জামানতের মূল্য বাদ দিয়ে স্ট্যাটাস অনুযায়ী Base for Provision নির্ণয় করা হয়। অতঃপর শ্রেণীকৃত ঋণের স্ট্যাটাস অনুযায়ী অনাদায়ী ঋণ স্থিতির ১৫% হারে Base for provision নির্ণয় করে দুটোর মধ্যে যা অধিক তা Base for Provision হিসেবে নির্ধারণ করা হয়। উল্লেখ্য, Special Mention Account (SMA) ঋণের অনাদায়ী স্থিতিই Base for Provision হিসেবে বিবেচনা করা হয়। SMA ঋণের Base for Provision নির্ণয়ের ক্ষেত্রে স্থগিত সুদ বাদ দেয়া যায় না। বর্ণিত নির্দেশনা মোতাবেক অনাদায়ী শ্রেণীকৃত ঋণের Base for Provision নির্ণয় করে তার উপর নির্ধারিত হারে খাত ভিত্তিক স্ট্যাটাস অনুযায়ী Required Provision নির্ণয় করা হয়।

০৪। বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ কর্তৃক ঋণ শ্রেণীবিন্যাস ও প্রভিশনিং নীতিমালা সংক্রান্ত ০৫-০৩-২০১৩ তারিখে জারীকৃত এসিএফআইডি সার্কুলার লেটার নং-১ এর নির্দেশনা মোতাবেক অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এবং অনূর্ধ্ব ১২ মাসের মধ্যে পরিশোধযোগ্য যে কোন ক্ষুদ্র ঋণ (Micro-Credit) স্বল্পমেয়াদী ক্ষুদ্র ঋণ (Short-term Micro-Credit) হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১২-০৩-২০১৩ তারিখের পত্র নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১২-১৩/৩৩৬ এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।

০৫। ০২-০৮-২০১৫ তারিখে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং ০৮ এ ঋণ শ্রেণীবিন্যাস সংক্রান্ত বেশ কিছু সংশোধনী আনা হয়েছে, যা ইতিমধ্যেই অত্র বিভাগের ২৩-০২-২০১৬ ও ০৩-০৪-২০১৬ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-১(পলিসি)/২০১৫-১৬/৫৩৬ ও ৫৯৮ এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলার ও পত্রসমূহের নির্দেশনাসমূহ অবশ্যই যথাযথভাবে পরিপালন করতে হবে।


০৬। বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১২ নং হিসাব খাতের (Customers Liabilities as per Contra) ১২১, ১২২, ১২৩, ১২৬ এবং ১২১৩ থেকে ১২৩৬ পর্যন্ত হিসাব উপ-খাতসমূহের স্থিতির যোগফল সিএল-১ বিবরণীর Off-Balance Sheet Exposure খাতের ২ নং (Total) কলামে প্রদর্শন করতে হবে।

০৭। সূত্র তারিখ পরবর্তী ২৫ দিনের মধ্যে সংকলিত সিএল-১ বিবরণী বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা রয়েছে। বিলম্বের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রতিদিনের জন্য ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা দন্ড আরোপের বিধান বলবৎ আছে। তাই নির্ধারিত তারিখের মধ্যে সঠিক ও নির্ভুল বিবরণী প্রেরণে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক দন্ড আরোপের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার সকল কর্মকর্তা/কর্মচারীসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের উপর বর্তাবে। এ কারণে শাখা থেকে এক্সেল ফরমেটে প্রস্তুতকৃত সিএল বিবরণীর সফট কপি ই-মেইলযোগে অবশ্যই ০৭-০১-২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে অত্র বিভাগে সর্বশেষ ১১-০১-২০১৮ তারিখের মধ্যে সংকলিত "ক", "খ", "গ" ও "ঘ" বিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৮। ঋণ আদায় বিভাগের ৩১-০৫-২০০১ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-৩১/২০০১ এর সিদ্ধান্ত অনুযায়ী স্টাফ লোন বা কর্মচারী ঋণ শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে সংশ্লিষ্ট সকল শাখা/কার্যালয়কে বৈষয়িক বিবরণীর (এসিএফ/৩৭) ১০১৩ হিসাব খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল-১ এর স্টাফ লোন খাতের ২নং (Total) কলামে অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া ব্যাংকের সাধারণ ঋণ কর্মসূচীর আওতায় কোন কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণ করে থাকলে তা যথাযথ নিয়মে শ্রেণীবিন্যাস করতে হবে।

০৯। ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল-১ বিবরণী টাকার অংকে (পয়সা বাদে) সঠিক ও নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত সিএল-১ বিবরণী বাংলাদেশ ব্যাংকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে শাখা হতে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে প্রধান কার্যালয়ে সিএল বিবরণী প্রেরণের পূর্বে যথাক্রমে শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা এবং অঞ্চল প্রধান নিম্নলিখিত বিষয়গুলোর সঠিকতা নিশ্চিত হয়ে সিএল বিবরণীতে স্বাক্ষর করবেন :

- (ক) শাখা/অঞ্চলের শ্রেণীকরণযোগ্য সকল ঋণ হিসাব যথামানে শ্রেণীকরণপূর্বক শ্রেণীকৃত ঋণের প্রকৃত চিত্র প্রদর্শন করা হয়েছে।
- (খ) সিএল-১ বিবরণীসহ "ক" ও "ঘ" ছকে টাকার অংকে (পয়সা বাদে) এবং "খ" ও "গ" ছকে লক্ষ টাকার অংকে প্রস্তুতকৃত বিবরণীতে প্রদত্ত তথ্যের সঠিকতা নিশ্চিত হয়ে প্রস্তুতকারী, ২য় কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক ও অঞ্চল প্রধানগণ নামের সীলসহ স্বাক্ষর করবেন। সিএল-১সহ সকল বিবরণীতে প্রস্তুতকারী, ২য় কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপক এর নাম, পদবী ও মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।





চলমান পাতা/০৩

- (গ) সিএল-১ বিবরণীতে Small & Medium Enterprise Financing (SMEF) খাতে প্রদর্শিত ঋণ স্থিতি এবং শাখা/অঞ্চল হতে এসএমই বিভাগে প্রেরিত SME (এসএমই) ঋণের বিবরণীতে প্রদর্শিত ঋণ স্থিতি অবশ্যই এক হতে হবে। উল্লেখ্য, বর্ণিত নির্দেশনা ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৭-০৭-২০১৩ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/সিএল-৩/২০১২-১৩/৪৫৪(১২৫০) এর মাধ্যমে মাঠ কার্যালয়ে জারী করা হয়েছে।
- (ঘ) শাখার সিএল-১ বিবরণী এবং বৈষয়িক বিবরণীতে (এসিএফ/৩৭) প্রদত্ত মোট অনাদায়ী ঋণ, স্থগিত সুদ ও কর্মচারী ঋণের পরিমাণ ছবছ এক এবং সঠিক থাকতে হবে। সূত্র তারিখে অবশ্যই ১০১৬ (বিনিময় বিল হিসাব), ১০১৭ (বৈদেশিক বিল ক্রয় হিসাব)সহ সকল ঋণ হিসাব খাতের সিএল বিবরণী প্রস্তুত করতে হবে। তাছাড়া সূত্র তারিখে কোন অবস্থাতেই সিসি ঋণ বা অন্য কোন ঋণের ক্রেডিট ব্যালেন্স রাখা যাবে না এবং ক্রেডিট ব্যালেন্সের সিএল বিবরণী প্রস্তুত করা যাবে না। কারণ সিসি ঋণের ক্রেডিট ব্যালেন্স কোন ঋণ নয়, গ্রাহকের আমানত।
- (ঙ) প্রতিটি ঋণ হিসাবের Date of expiry/Claim Date/Due Date/Date of First Repayment Due সঠিকভাবে Input দিতে হবে যাতে করে ঋণটি সঠিকভাবে স্ট্যাটাসভুক্ত হয়।
- (চ) যে সব ঋণের বিপরীতে যোগ্য জামানত থাকার কথা, সে সব ঋণের বিপরীতে সিএল বিবরণীর সংশ্লিষ্ট কলামে যোগ্য জামানতের মূল্য দেখানো না হলে বা বিতরণকৃত ঋণের তুলনায় কম দেখানো হলে তার সুনির্দিষ্ট ব্যাখ্যা অবশ্যই সিএল বিবরণীর মন্তব্য কলামে লিখতে হবে।
- (ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যক্তি ঋণগ্রহীতার ক্ষেত্রে সিএল-২,৩ ও ৪ ছকের ২ নং কলামে Name of borrower এর নীচে/পাশে এবং সিএল-৫ ছকের ২ নং কলামে Loan Identification No এর নীচে/পাশে ঋণগ্রহীতার জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) লিপিবদ্ধ করতে হবে।


১০। সিএল-১ বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য মাঠ পর্যায়ের সিএল বিবরণী প্রস্তুতকরণ কার্যাবলী তদারকী প্রয়োজন। এ কারণে ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী সঠিকভাবে প্রস্তুত/পরীক্ষা করার জন্য মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, প্রধান কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয় এবং সকল কর্পোরেট শাখার ২/৩ জন কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদান করে তাদের নাম, পদবী এবং মোবাইল নম্বর সম্বলিত তালিকা ২৪-১২-২০১৭ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করতে হবে।

১১। ৩১ ডিসেম্বর, ২০১৭ সূত্র তারিখে ব্যাংকের সকল ঋণ ও অগ্রিম (বিলসহ) এর খাত (ক্যাটাগরী) অনুসারে কোন প্রকারের ঋণের জন্য কোন সিএল ফরম পূরণ করতে হবে, মেয়াদোত্তীর্ণের সময়কাল/Period of arrears অনুসারে ঋণটি কোন্ স্ট্যাটাসভুক্ত হবে এবং প্রতিশনের হার কত হবে তা সংযুক্তি-১ এ দেখানো হলো। গুণগত মাপকাঠির ক্ষেত্রে বর্তমানে বলবৎ নীতিমালা অনুসরণীয়।

১২। অত্র ব্যাংকের ভাবমূর্তি অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্রধান কার্যালয় হতে তাগিদ পত্র পাওয়ার অপেক্ষা না করে নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুল সিএল বিবরণী প্রস্তুত ও দাখিলের কাজে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সক্রিয় ভূমিকা পালন করে ০১ জানুয়ারী, ২০১৮ থেকেই তদারকীসহ শাখাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/সহযোগিতা প্রদান করবেন।

১৩। ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে শাখা নিশ্চিত হবে যে, শ্রেণীকৃত ঋণ থেকে আদায়কৃত টাকা নিয়মানুসারে সংশ্লিষ্ট ঋণ ফলিওতে রক্ষিত স্থগিত সুদের সংগে সমন্বয় করা হয়েছে। ঋণ হিসাবে সুদ মওকুফ, পুনঃতফশিলীকরণ বা অন্য কোন পরিবর্তন থাকলে তা সম্পূর্ণ করে সংশ্লিষ্ট ঋণ ফলিওর আলোচ্য তারিখ পর্যন্ত স্থগিত সুদের স্থিতির সঠিকতা সম্পর্কেও নিশ্চিত হতে হবে। শাখা কর্তৃক প্রস্তুতকৃত সিএল-১ বিবরণী অনুযায়ী নির্ণীত প্রতিশনের অংকের জন্য শাখা/মাঠ কার্যালয়ে কোন ভাউচার করতে হবে না।

১৪। ঋণ শ্রেণীবিন্যাস বিভাগের ১৩-০৬-২০১০ এবং ০৫-০৬-২০১৬ তারিখের পত্র নং যথাক্রমে প্রকা/সিএল-২১(নিরীক্ষা)/২০০৯-১০/২৭৯(১২৫০) ও ৬৬৩ এর নির্দেশনা মোতাবেক শ্রেণীকৃত ঋণের প্রকৃত চিত্র প্রদর্শন না করা, শ্রেণীযোগ্য ঋণ শ্রেণীকরণ না করা এবং যথামানে শ্রেণীকরণ না করাসহ পত্রে উল্লেখিত সিএল বিবরণী প্রস্তুতকরণে উত্থাপিত বিভিন্ন অনিয়মের জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে ব্যাখ্যা তলবসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিত করার বিধান বহাল রয়েছে। তাই বর্ণিত পত্রে উল্লেখিত অনিয়ম যাতে কোন অবস্থাতেই না ঘটে তা নিশ্চিত করতে হবে।




চলমান পাতা/০৪

১৫। ঋণ শ্রেণীবিন্যাসের কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ণীত প্রতিশনের অংক ব্যাংকের লাভ/ক্ষতিকে প্রভাবিত করে। তাই কোন রকম অনিয়ম যাতে না ঘটে সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে। সিএল বিবরণীতে ভুল-ত্রুটি, অনিয়ম বা নির্দেশনার লংঘন পরবর্তীতে উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট সকলকে জবাবদিহি করতে হবে। এ কারণে সতর্কতার সাথে এবং সঠিকভাবে শাখা হতে এক্কেল ফরমেটে সিএল বিবরণী প্রস্তুত করে ই-মেইলযোগে ০৭-০১-২০১৮ তারিখের মধ্যে এবং অঞ্চল হতে শাখার সিএল-১ বিবরণী সহ অঞ্চলের সংকলিত "ক", "খ", "গ" ও "ঘ" ছক ১১-০১-২০১৮ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে পৌঁছানো নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। বর্তমান পত্রটি সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ জরুরী ভিত্তিতে তাঁদের আওতাধীন সকল শাখায় পৌঁছানো নিশ্চিত করে প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগকে ২৪-১২-২০১৭ তারিখের মধ্যে ই-মেইলের মাধ্যমে অবহিত করবেন। উল্লেখ্য, শাখাসমূহকে Excel ফরমেটে সিএল বিবরণী প্রস্তুতকরণের লক্ষ্যে অত্র বিভাগের ১৮-১২-২০১৭ ইং তারিখের পত্র নং প্রকা/সিএল-৩(অংশ-১)/২০১৭-২০১৮/৫০৭ এর নির্দেশনা অনুসরণ করার অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত
মোঃ শাহজাহান
উপ-মহাব্যবস্থাপক
২০/১২/২০১৭

নং-প্রকা/সিএল-৩/২০১৭-১৮/৫০৮(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১/২/৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

মুহম্মদ সাজ্জাদ হোসেন
উর্ধতন মুখ্য কর্মকর্তা
২০/১২/২০১৭

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ

সংযুক্তি - ১

ব্যাংকের সকল ঋণ ও আগামের ক্যাটাগরী, ব্যবহারযোগ্য ফরম, ঋণ শ্রেণীবিন্যাসের ধরণ, প্রভিশন ইত্যাদি সংক্রান্ত তথ্যাবলীঃ

| ক্রঃ নং | ঋণ ও অগ্রিমের খাত (ক্যাটাগরী) | ব্যবহার যোগ্য সিএল ফরম | ঋণ অনিয়মিত/অপরিশোধিত/মেয়াদোত্তীর্ণ থাকার সময়কাল/ঋণের কিস্তি খেলাপীর পরিমাণ কত মাস সময়ের | শ্রেণীবিন্যাসের ধরণ | প্রভিশনের হার |
|---------|---|------------------------|--|--|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | চলমান ঋণঃ সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৪ ও ১০২০ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে) | সিএল- ২ | ২ মাসের কম সময় ২ মাস ও তদুর্ধ্ব কিস্তি ৩ মাসের কম সময় ৩ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৬ মাসের কম সময় ৬ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব সময় (সিএল- ২ ফরমের ৯ নং কলামের তথ্য অনুযায়ী)। | অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ | ১% ১% ২০% ৫০% ১০০% |
| ২। | তলবী ঋণ : সাধারণত বৈষয়িক বিবরণীর ১০১৫, ১০১৬, ১০১৭, ১০২১, ১০২২ ও ১০২৪, ১০২৫ ও ১০২৭ হিসাব খাতের এবং ঋণের প্রকৃতি অনুসারে অন্য হিসাব খাতের টাকা (যদি থাকে) | সিএল- ৩ | ২ মাসের কম সময় ২ মাস ও তদুর্ধ্ব কিস্তি ৩ মাসের কম সময় ৩ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৬ মাসের কম সময় ৬ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব সময় (সিএল- ৩ ফরমের ৯ নং কলামের তথ্য অনুযায়ী)। | অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ | ১% ১% ২০% ৫০% ১০০% |
| ৩। | মেয়াদী ঋণ (১০.০০ লক্ষ টাকা পর্যন্ত অনাদায়ী ঋণ স্থিতি) : | সিএল- ৪ | ২ মাসের কম সময় ২ মাস ও তদুর্ধ্ব কিস্তি ৬ মাসের কম সময় ৬ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব কিস্তি ১২ মাসের কম সময় ১২ মাস বা তদুর্ধ্ব সময় (সিএল- ৪ ফরমের ১৪ নং কলামের তথ্য অনুযায়ী)। | অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ | ১% ১% ২০% ৫০% ১০০% |
| ৪। | মেয়াদী ঋণ (১০.০০ লক্ষ টাকার উর্ধ্বের অনাদায়ী ঋণ স্থিতি) : | সিএল- ৪ | ২ মাসের কম সময় ২ মাস ও তদুর্ধ্ব কিস্তি ৩ মাসের কম সময় ৩ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৬ মাসের কম সময় ৬ মাস বা তদুর্ধ্ব কিস্তি ৯ মাসের কম সময় ৯ মাস বা তদুর্ধ্ব সময় (সিএল- ৪ ফরমের ১৪ নং কলামের তথ্য অনুযায়ী)। | অশ্রেণীকৃত (Standard) অশ্রেণীকৃত (SMA) নিম্নমান সন্দেহজনক মন্দ | ১% ১% ২০% ৫০% ১০০% |
| ৫। | স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও ক্ষুদ্র ঋণ (মাইক্রোক্রেডিট) : * বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও আর্থিক সেবাজুতি বিভাগ কর্তৃক জারীকৃত বার্ষিক ঋণ কর্মসূচীর আওতায় তালিকাভুক্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণসমূহ, * বা কৃষি খাতে প্রদত্ত অনূর্ধ্ব ১২ মাসে পরিশোধযোগ্য ঋণ, * বা স্বল্পমেয়াদী ক্ষুদ্র ঋণ খাতের অনূর্ধ্ব ৫০ হাজার টাকা পর্যন্ত অনূর্ধ্ব ১২ মাসে পরিশোধযোগ্য মাইক্রোক্রেডিট (অকৃষি ঋণ, স্বনির্ভর ঋণ, তাঁত ঋণ, ব্যাংকের নিজস্ব কর্মসূচী ভিত্তিক ঋণ যে নামেই অবহিত হোক)। | সিএল- ৫ | ১২ মাস পর্যন্ত সময় ১২ মাসের উর্ধ্ব কিস্তি ৩৬ মাস পর্যন্ত সময় ৩৬ মাসের উর্ধ্ব কিস্তি ৬০ মাস পর্যন্ত সময় ৬০ মাসের উর্ধ্বের সময় (সিএল- ৫ ফরমের ৬নং কলামের তথ্য অনুযায়ী)। | অশ্রেণীকৃত নিম্নমান সন্দেহজনক মন্দ | ১% ৫% ৫% ১০০% |
| ৬। | স্টাফ লোন ও আগামের ক্ষেত্রেঃ (বৈষয়িক বিবরণীর ১০১৩ হিসাব খাতের টাকা)। | | | | স্টাফ লোন শ্রেণীবিন্যাস করতে হবে না। তবে শাখার বৈষয়িক বিবরণীর ১০১৩ খাতের স্টাফ লোনের মোট পরিমাণ সিএল- ১ এর স্টাফ লোন খাতের ২নং কলামে অন্তর্ভুক্ত করতে হবে। |
| ৭। | অশ্রেণীকৃত (স্ট্যান্ডার্ড) এবং অশ্রেণীকৃত (এসএমএ) হিসেবে শ্রেণীবিন্যাসিত ঋণের ক্ষেত্রে Small and Medium Enterprise Financing খাতে ০.২৫%, Consumer Financing (CF) খাতে (HF & LP ব্যতীত) ৫% এবং Housing Finance (HF), Loans for Professionals to set-up business (LP), Loans to BHs/MBs/SDs খাতে ২% হারে general provision নির্ণয় করতে হবে। এছাড়া Off Balance Sheet Exposure এর ক্ষেত্রে ১% হারে প্রভিশন নির্ণয় করতে হবে। | | | | |